BALGOPAL COMMERCIAL LIMITED
(FORMERLY KNOWN AS BOMBINOO COMMERCIAL CO LIMITED)
CIN: L51109WB1982PLC035193
Ph - 033-65020273

23, Pollock Street, Chamber
No-8, 1st Floor, Kolkata- 700 001
[redacted]
Website: www.bcommercial.org
email id: info@bcommercial.org

Date: 07.06.2021

To
The General Manager
BSE Limited,
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street, Mumbai- 400001

Dear Sir/Madam,

Subject: Newspaper Publication under Regulation 47 of SEBI (LODR), Regulations, 2015

The Board at its meeting held on 4th June, 2021 approved the Audited Financial Results for the quarter and year ended as on 31.03.2021. In continuation to the same, the newspaper clipping duly published in English Newspaper (All Edition) and Bengali Newspaper (Kolkata Edition) dated 05.06.2021 is enclosed herewith.

Kindly take the documents in your records and oblige.

Thanking you,

For Balgopal Commercial Ltd

BALGOPAL COMMERCIAL LIMITED

Y. Saraogi
Director/Authorised Signatory

Yash Saraogi
Director
DIN 00402101

Encl: Newspaper Publications

Yamuna body secures ₹3,725-cr loan from SBI for airport in Jewar

PRESS TRUST OF INDIA
New Delhi, June 4

THE YAMUNA INTERNATIONAL Airport Private (YIAPL) has secured a loan of ₹3,725 crore from State Bank of India (SBI) for the development of Noida international airport at Jewar in Uttar Pradesh, according to a statement issued on Friday.

YIAPL is a 100% subsidiary of Zurich Airport International and has been incorporated to develop the airport in Jewar, which is around 70 km from the main Delhi region. "The entire loan of ₹3,725 crore has been underwritten by SBI on a door-to-door loan tenor of 20 years. We look forward to working closely with SBI to develop Noida international airport as a world class airport in India," said Christoph Schnellmann, chief executive officer, YIAPL.

Govt: Slots for Jet Airways to be based on existing norms

DEFUNCT JET AIRWAYS, which is undergoing insolvency resolution for nearly two years, cannot claim "historicity" for slots at airports, and allocation of slots will be based on existing guidelines, according to an affidavit.

The civil aviation ministry and aviation regulator DGCA have also informed the National Company Law Tribunal (NCLT) that for claiming historicity, the criteria cannot be based on contention that airline was in operation for 25 years.

Jet Airways, which shuttered operations in April 2019, is undergoing resolution process under the Insolvency and Bankruptcy Code (IBC). The Jalan Kalrock Consortium has emerged as the winning bidder for the carrier and the resolution plan is before NCLT, Mumbai.

NCLT adjourned the hearing on Jet Airways case on Friday and the matter has been scheduled for hearing next week.

Last month, NCLT directed the ministry and DGCA to submit an affidavit clarifying their position on slots for Jet Airways.

In an additional affidavit, submitted to NCLT on Thursday, the ministry and DGCA said Jet Airways does not qualify for grant of slots on the basis of historic precedence and and the allocation will be based on slot allocation guidelines.

Citing the standard operating procedure with respect to slot allocations, it said slots were not reserved for Jet Airways. "... it is submitted that there can't be any automatic revival of approvals granted to Jet Airways and reinstatement of slots, which were with Jet Airways and the same would be as per the extant guidelines and regulations/rules," the affidavit said. —PTI

সম্ভবত বাতিল ২টি পরীক্ষাই সিদ্ধান্ত গেল নবান্নর কোর্টে

সুখবর ব্যুরো, কলকাতা: করোনা পরিস্থিতিতে আগেই বাতিল হয়েছে সিবিএসই দ্বাদশ আর আইএসসি পরীক্ষা। এবার একই পথে হেঁটে সম্ভবত বাতিল হতে চলেছে মাধ্যমিক আর উচ্চ মাধ্যমিক পরীক্ষাও। পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত আপাতত রাজ্য সরকারের কোর্টে। এব্যাপারে কয়েক দিনের মধ্যেই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে নবান্ন। রাজ্য সরকার ৬ সদস্যের বিশেষজ্ঞ কমিটি গড়েছিল করোনা পরিস্থিতিতে পরীক্ষা নিলে কী পদ্ধতিতে পরীক্ষা নেওয়া হবে তা পর্যালোচনা করার জন্য। কমিটি সূত্রে খবর, এবছর মাধ্যমিক আর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ২১ লাখের বেশি পরীক্ষার্থীর পরীক্ষায় বসার কথা। এখনকার করোনা পরিস্থিতিতে এত বিপুল সংখ্যক পরীক্ষার্থীর জীবন বাজি রেখে পরীক্ষা নেওয়া কার্যত অসম্ভব। পরীক্ষার্থীদের সিংহভাগ অংশের বয়সই ১৭ বছরের মধ্যে। সিংহভাগ পরীক্ষার্থীদেরই টিকা নেওয়া হয়নি। এই পরিস্থিতিতে পরীক্ষা নিলে আইনি জটিলতাও হতে পারে।

করোনা পরিস্থিতিতে মাধ্যমিক আর উচ্চ মাধ্যমিক পরীক্ষা নিয়ে যে বিশেষজ্ঞ কমিটি গড়া হয়েছে তাতে রয়েছেন মধ্যশিক্ষা পর্ষদ, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের প্রতিনিধিদের পাশাপাশি ডাক্তার, মনোবিদ, শিশু অধিকাররক্ষা কমিশনের প্রতিনিধিরাও রয়েছেন। মোট ৬ জন রয়েছেন বিশেষজ্ঞ কমিটিতে। এখনকার পরিস্থিতিতে পরীক্ষা নেওয়া সম্ভব কিনা সে বিষয় বিভিন্ন সম্ভাবনা খতিয়ে দেখার কথা ছিল তাঁদের। পরীক্ষা বাতিল হলে কীভাবে পরীক্ষার্থীদের নম্বর দেওয়া হবে সে বিষয়ও একাধিক সুপারিশ করেছে বিশেষজ্ঞ কমিটি।

বুধবার দুপুরে মধ্যশিক্ষা পর্ষদ আর উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের যৌথ সাংবাদিক সম্মেলন করে পরীক্ষার নির্ঘণ্ট প্রকাশ করার কথা ছিল। কিন্তু আচমকাই মঙ্গলবার সিবিএসই দ্বাদশ শ্রেণির পরীক্ষা বাতিলের কথা ঘোষণা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তারপরই আচমকা বুধবার দুপুরে সাংবাদিক সম্মেলন বাতিল করে দেওয়া হয়। করোনার জেরে জুনে মাধ্যমিক আর উচ্চ মাধ্যমিক পরীক্ষা হবে না বলে গত ১৫ মে সাংবাদিক বৈঠকে জানিয়েছিলেন রাজ্যের সদ্যপ্রাক্তন মুখ্যসচিব আলাপন বন্দ্যোপাধ্যায়। পরীক্ষা কবে হবে তা পরে শিক্ষা দফতর ঠিক করবে বলে জানান তিনি। এরপরই গত সপ্তাহে রাজ্যে বিধিনিষেধের মেয়াদ বাড়ানোর সময় নবান্নে সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, আগস্টের দ্বিতীয় সপ্তাহে মাধ্যমিক আর জুলাই মাসের শেষ সপ্তাহে হবে উচ্চ মাধ্যমিক পরীক্ষা। নিজের স্কুলের বদলে অন্য স্কুলে হবে উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক। ৩ ঘণ্টার বদলে দেড় ঘণ্টার পরীক্ষা হবে। মাধ্যমিকের ক্ষেত্রে ৭টি আবশ্যিক পরীক্ষা হবে। কোনো ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে না। এগুলির নম্বর দেবে স্কুলই। উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে ১৫টি আবশ্যিক বিষয়ের পরীক্ষা হবে।

চোকসিকে ছাড়াই খালি হাতে ফিরল ভারতীয় দল

ডোমিনিকা: পিএনবি জালিয়াতি কাণ্ডের অন্যতম অভিযুক্ত পলাতক হিরে ব্যবসায়ী মেহুল চোকসিকে ছাড়াই খালি হাতে ক্যারিবিয়ান দ্বীপ থেকে ফিরে আসতে হল ভারতীয় প্রতিনিধিদের। বর্তমানে মেহুল চোকসি বেআইনি প্রবেশের কারণে ডোমিনিকার জেলে বন্দি রয়েছেন। তাঁকে ভারতে ফেরানোর জন্য সেখানে গিয়েছিলেন ভারতের প্রতিনিধিরা। ফাঁকা হাতে ফিরলেন ভারতীয় প্রতিনিধিরা। কেন্দ্রীয় তদন্তকারী দলের ২জন প্রতিনিধি সহ ৮ সদস্যের দল চোকসিকে ফিরিয়ে আনার সম্ভাবনায় ডোমিনিকায় অবতরণ করেন ২৮ মে। কিন্তু ফাঁকা হাতেই কাতারের এক্সিকিউটিভ বিজনেস জেট বোম্বারডায়ার গ্লোবাল ৫০০০ বৃহস্পতিবার রাত ৮টা ১০ নাগাদ ভারতে ফিরে যায়। মেহুল চোকসি পুলিশি নিরাপত্তায় ভরতি রয়েছেন ডোমিনিকা-চিন ফ্রেন্ডশিপ হাসপাতালে।

দু'টি মামলা চলছে চোকসির বিরুদ্ধে। আগামী ১ মাসেও ভারতে ফিরে আসার কোনো সম্ভাবনা নেই। মেহুল চোকসির ডোমিনিকার দু'টি পৃথক আদালতে ২ টি আলাদা মামলার শুনানি চলছে। সূত্রের খবর, যতদিন না পর্যন্ত ওই ২টি মামলার কোনো মীমাংসা হচ্ছে ততদিন মেহুল চোকসিকে ভারতে ফিরিয়ে আনার কোনো সম্ভাবনা নেই। ভারতে ফেরা অসম্ভব মেহুল চোকসির দায়ের করা একটি মামলায় হাই কোর্টকে সিদ্ধান্ত নিতে হয়েছে যে মেহুল চোকসিকে ডোমিনিকান পুলিশ অবৈধভাবে গ্রেফতার করেছে ও তাঁকে কোন দেশে ফেরত পাঠানো উচিত। আরো একটি মামলায় ম্যাজিস্ট্রেট কোর্টে শুনানি চলছে ডোমিনিকায় মেহুল চোকসির অবৈধ প্রবেশ নিয়ে। এই বিষয়ে এক ব্যক্তি জানিয়েছেন যে আদালত যতদিন না পর্যন্ত এই ২ মামলার মীমাংসা করছে ততদিন মেহুল চোকসির ভারতে ফেরা অসম্ভব। বৃহস্পতিবার ডোমিনিকান হাই কোর্ট আবেদনটি সম্পূর্ণ করতে ব্যবসায়ী মেহুল চোকসির মামলার শুনানি স্থগিত করেছেন। পরবর্তী শুনানির তারিখ এখনো স্থির হয়নি। তবে সম্ভবত ১ জুলাইয়ের কাছাকাছি হতে পারে। এই মামলার শুনানি স্থগিত হওয়ার ঠিক আগেই বিদেশমন্ত্রক জানিয়েছে যে তারা মেহুল চোকসিকে ডোমিনিকা থেকে ফিরিয়ে আনতে বদ্ধপরিকর। এরই মধ্যে উভয় পক্ষের আর্জি ও যুক্তি-তর্ক নিয়ে সিদ্ধান্ত হয়ে গেছে। মেহুল চোকসিকে আপাতত ডোমিনিকান পুলিশ হেফাজতেই রাখা হবে। —পিটিআই/এপি

কলকাতায় এল রুশি টিকা

১ পাতার পর

মতোই টিকারকরণের স্লট বুক করা যাবে। কলকাতার বেসরকারি মেডিকা হাসপাতাল এমন উদ্যোগ নিয়েছে। আপাতত সন্তোষপুর কিশোর ভারতী স্টেডিয়ামে কোভিশিল্ড টিকা দেওয়া হচ্ছে ১৮ বছরের ঊর্ধ্বে ব্যক্তিদের। ডোজপিছু খরচ পড়বে ৮৫০ টাকা। প্রথমে 'https://in.bookmyshow.com/activities/medica-group-vaccination-program-kolkata/ET০০৩১১৬৯৮' লিঙ্কে গিয়ে ক্লিক করতে হবে। এরপর রেজিস্টারে ক্লিক করুন। যেদিন টিকা নিতে চান সেই নির্দিষ্ট তারিখ ক্যালেন্ডার থেকে বেছে নিন। সময় বেছে নিয়ে কন্টিনিউ করুন। অ্যাড আর প্রসিড করুন। নিজের নাম, কো-উইন পোর্টালে দেওয়া ফোন নম্বর, ইমেল আইডি, কোন ডোজ নিচ্ছেন, কোউইন পোর্টালের রেফারেন্স আইডি, আধার কার্ডের নম্বর, জন্মতারিখ, ঠিকানা, লিঙ্গ দিন। 'I Agree to the Terms and conditions' ক্লিক করুন। টিকার জন্য টাকা দিন। মোবাইলে কিউআর কোড যাবে। সেটা দেখালেই টিকাকেন্দ্রে ঢোকার ছাড়পত্র মিলবে। বুক মাই শোতে স্লট বুক করার আগে কোউইন পোর্টালে রেজিস্ট্রেশন করতে হবে। যে রেফারেন্স আইডি মিলবে সেটা বুক মাই শোতে টিকাকরণের সময় লাগবে।

কেন্দ্রের নির্দেশিকা

১ পাতার পর

অঞ্চলের মুখ্যসচিবদের নির্দেশিকা জারি করেছেন কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রকের সচিব রামমোহন মিশ্র। সরকারি নির্দেশিকায় কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণমন্ত্রকের সচিব রামমোহন মিশ্র আরো জানান, বাবা-মা, দু'জনেই যদি করোনা আক্রান্ত হন, বাড়িতে শিশুদের দেখভালের জন্য যদি কেউ না থাকেন তবে রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসনকেই অস্থায়ী ভাবে চাইল্ড কেয়ার ইনস্টিটিউশন (সিসিআই) গড়ে শিশুদের দেখভাল করতে হবে। শিশুদের প্রয়োজনে জরুরি ভিত্তিতে যাতে যোগাযোগ করা যায় তার জন্য হাসপাতালগুলিকে শিশুদের পরিচিত ব্যক্তিদের ফোন ও মোবাইল নম্বর আর ঠিকানা জোগাড় করে রাখতে বলা হয়েছে। পাশাপাশি, করোনা আক্রান্ত শিশুদের চিকিৎসার জন্য চাইল্ড কেয়ার ইনস্টিটিউশনে যথাযথ আইসোলেশন ব্যবস্থাপনা রাখার কথাও বলা হয়েছে। শিশুদের শরীরের পাশাপাশি মানসিক স্বাস্থ্যের দিকেও নজর দেওয়ার কথা বলা হয়েছে। শিশুদের জন্য মনোরোগ বিশেষজ্ঞর ব্যবস্থা রাখার কথা বলা হয়েছে। স্থানীয়স্তরে এর জন্য হেল্পলাইন নম্বর চালু করার কথা বলা হয়েছে। পঞ্চায়েত আর পুরসভাকে জেলা ও পঞ্চায়েত স্তরে শিশু সুরক্ষা কমিটি তৈরিরও নির্দেশ দেওয়া হয়েছে। করোনায় অনাথ হওয়া শিশুদের আবাসিক স্কুল অথবা সরকারি ডে স্কুলে বিনামূল্যে শিক্ষার বন্দোবস্তের কথাও বলা হয়েছে।

জিনস, টি-শার্ট নৈব নৈব চ

১ পাতার পর

প্রয়োজন। ওই সিবিআই অফিসার বলেন, 'কয়েক বছর ধরে, সিবিআইয়ের লোকেরা হাল্কা মেজাজের পোশাক পরা শুরু করেছিলেন। যেমন জিন্স ও টি-শার্ট। কেউ এটাকে বন্ধ করতে বলেননি। সিবিআই অফিসারদের কমপক্ষে ফর্ম্যাল কলারওয়ালা শার্ট, ট্রাউজার ও জুতো পরতে হবে।' প্রসঙ্গত, গত সপ্তাহেই সুবোধ কুমার জয়সওয়াল ৩৩তম ডিরেক্টর হিসাবে সিবিআইয়ের পদে যোগ দেন ও তিনি বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রশাসনিক পরিবর্তন করেছে সিবিআই দফতরে। আগামী ২ বছরের জন্য কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার প্রধান পদে কাজ করবেন জয়সওয়াল। এর আগে তিনি সিআইএসএফের অধিকর্তা পদে ছিলেন। গত ফেব্রুয়ারির মাঝামাঝি থেকে ঋষি কুমার শুক্লার মেয়াদ শেষ হওয়ার পর থেকে ফাঁকা ছিল সিবিআই ডিরেক্টরের পদ। অ্যাডিশনাল ডিরেক্টর প্রবীণ সিনহা মাঝের সময়কালে অন্তর্বর্তী প্রধান হিসেবে সামলাচ্ছিলেন কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার কাজ। মহারাষ্ট্র পুলিশের প্রধানের পাশাপাশি মুম্বই জঙ্গিবিরোধী স্কোয়াডেও কাজ করেছেন সুবোধ কুমার জয়সওয়াল।

সুদের হার অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: করোনার দ্বিতীয় ঢেউয়ের ধাক্কায় দেশজুড়ে যে আংশিকভাবে লকডাউন আর বিধিনিষেধ জারি করা হয়েছে তাতে গতবছরের মতোই বিপর্যস্ত দেশের অর্থনীতি। এই পরিস্থিতিতে সুদের হার অপরিবর্তিত রাখার পথেই হাঁটল রিজার্ভ ব্যাঙ্ক। একইসঙ্গে, ২০২১-২২ অর্থবর্ষে আসল জিডিপির হার ৯.৫% হবে বলে জানিয়েছেন রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর শক্তিকান্ত দাস। শুক্রবার রিজার্ভ ব্যাঙ্কের আর্থিক নীতি নির্ধারণ কমিটির ৩ দিনের বৈঠকের পর শক্তিকান্ত দাস জানান, রেপো রেট অর্থাৎ যে সুদের হারে রিজার্ভ ব্যাঙ্ক বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে ঋণ দেয় তার হার ৪% রাখা হয়েছে। অর্থাৎ গৃহ, গাড়ি ঋণের কিস্তির হার একই থাকছে। যে সুদের হার ব্যাঙ্কগুলির কাছ থেকে রিজার্ভ ব্যাঙ্ক ধার নেয় সেটাকে বলে রিভার্স রেপো রেট। সেই রিভার্স রেটের হারও ৩.৩৫% রাখা হয়েছে। পাশাপাশি, মার্জিনাল স্ট্যান্ডিং ফেসিলিটি (এমএসএফ) আর ব্যাঙ্ক রেটকে ৪.২৫% রাখা হয়েছে বলেও জানান শক্তিকান্ত দাস। দেশের সর্বোচ্চ ব্যাঙ্ক এর আগে পূর্বাভাসে জানিয়েছিল দেশের আর্থিক বৃদ্ধি বা জিডিপির হার ২০২২ আর্থিক বছরে হবে ১০.৫%। প্রথম ত্রৈমাসিকে ২৬.২%, দ্বিতীয় ত্রৈমাসিকে ৮.৩%, তৃতীয় ত্রৈমাসিকে ৫.৪% আর চতুর্থ ত্রৈমাসিকে ৬.২% হতে পারে।

নতুন ফ্যাঁকড়া

১ পাতার পর

আমলা নয়, অন্য অবসরপ্রাপ্ত আধিকারিকদেরও নিয়োগের সুযোগ দিতে হবে বলে নির্দেশিকায় জানানো হয়েছে। অবসরের পর নির্দিষ্ট সময় অর্থাৎ কুলিং অফ পিরিয়ডের পরেই কোনো আধিকারিককে চুক্তিভিত্তিক পুনর্বহাল করা যাবে। ভিজিল্যান্স কমিশনের এই নির্দেশিকা মেনে রাজ্য সরকারকেও নির্দিষ্ট নিয়ম বিধি চালু করতে হবে। কঠোরভাবে এই নির্দেশিকা মেনে চলার কথা বলেছে ভিজিলেন্স কমিশন।

২ দিন অপরিবর্তিত থাকার পর ফের দামি জ্বালানি

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: দিন ২ না বাড়ার পর ফের শুক্রবার মহার্ঘ হল জ্বালানি তেল। শুক্রবার ২৭ পয়সা বেড়েছে পেট্রোল আর ২৮ পয়সা বেড়েছে ডিজেলের দাম। এদিন ফের সেঞ্চুরি করেছে পেট্রোলের দর। এদিন মুম্বইয়ে ১০০ পেরিয়েছে লিটারপিছু পেট্রোলের দাম। রাষ্ট্রায়ত্ত জ্বালানি তেল সংস্থা ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সূত্রে খবর, এদিন কলকাতায় লিটারপিছু পেট্রোল আর ডিজেলের দাম ছিল যথাক্রমে ৯৪.৭৬ টাকা ও ৮৮.৫১ টাকা। কলকাতায় ২৬ পয়সা দামি হয়েছে পেট্রোল আর ২৮ পয়সা দাম বেড়েছে ডিজেলের। দিল্লিতে এদিন পেট্রোলের দাম বেড়ে হয় ৯৪.৭৬ টাকা। ডিজেল বিক্রি হয় লিটারপিছু ৮৫.৬৬ টাকা দরে। রাজস্থান আর মধ্য প্রদেশের অনেক জায়গাতেই ১০০ পেরিয়েছে পেট্রোলের দাম। এদিন মুম্বইতেও একই ঘটনা ঘটল। ২৬ পয়সা বেড়ে মুম্বইয়ে এদিন পেট্রোলের দাম হয় ১০০.৯৮ টাকা। দেশের বাণিজ্যিক রাজধানীতে ডিজেলের দাম ছিল ৯২.৯৯ টাকা।

নিম্নচাপের হাত ধরে বঙ্গে বর্ষা

সুখবর ব্যুরো, কলকাতা: ফের চোখ রাঙাচ্ছে নিম্নচাপ। গ্রীষ্মের শেষ লগ্নে যখন ভ্যাপসা গরমে নাজেহাল দশা বঙ্গবাসীর তখনই বর্ষার আগমন বার্তা শোনাল হাওয়া অফিস। আলিপুর আবহাওয়া দফতর শুক্রবার এক পূর্বাভাসে জানিয়েছে, ১১ জুন নাগাদ উত্তর বঙ্গোপসাগর ও লাগোয়া অঞ্চলে একটি নিম্নচাপ তৈরি হতে পারে। নিম্নচাপের প্রভাবেই পশ্চিমবঙ্গ, ওড়িশা, ঝাড়খণ্ড ও সিকিমের অধিকাংশ জায়গায় ঢুকে পড়বে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু। পাশাপাশি, ছত্তিশগড় আর বিহারেরও কয়েকটি এলাকায় ঢুকে পড়তে পারে বর্ষা। এর জেরে পূর্ব ভারতের কয়েকটি জায়গায় ভারী বৃষ্টি হবে। বেশির ভাগ জায়গাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে।

শুক্রবার আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা গণেশকুমার দাস জানান, নিম্নচাপটির শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে পরিণত হওয়ার খুবই জোরালো সম্ভাবনা রয়েছে। ফলে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী সপ্তাহের শুক্রবার থেকে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে।' পাশাপাশি, সোমবার দার্জিলিঙ, কালিম্পঙ, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ারের মতো উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারী (৭-১১ সেন্টিমিটার) বৃষ্টি হতে পারে বলে পূর্বাভাসে জানিয়েছে হাওয়া অফিস।

বর্ষা আসার আগে আশঙ্কা একটা থেকেই যাচ্ছে। কেননা, ঘূর্ণিঝড় ইয়াসের ধাক্কা এখনো কাটিয়ে উঠতে পারেনি পূর্ব মেদিনীপুর আর দক্ষিণ ২৪ পরগনার উপকূলবর্তী অঞ্চলগুলি। কেননা, ১০ জুন অমবস্যার ভরা কোটাল আছে। ইয়াসের ধাক্কায় অনেক জায়গায় বাঁধ ভেঙে গেছে। সেগুলি এখনো মেরামত হয়নি। তাই ভারী বৃষ্টির দোসর যদি কোটালের বাণ হয় তবে বেপরোয়া জলোচ্ছ্বাসের জন্য বাঁধ ক্ষতিগ্রস্ত হতে পারে। তাই নিম্নচাপের জেরে ফের উপকূলবর্তী অঞ্চলের মানুষ নতুন করে বিপদের মুখে পড়তে পারেন বলে আশঙ্কা ঘনাচ্ছে।

দিল্লি পরের পদক্ষেপ করবে

১ পাতার পর

দেখছে কেন্দ্র। এরপরই আলাপনের ব্যাপারে পরবর্তী পদক্ষেপ করার সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নেবে বলে সংবাদ সংস্থা সূত্রে জানা গেছে। প্রশাসনিক মহলের বক্তব্য, বিপর্যয় মোকাবিলা আইনের যে ধারার উল্লেখ করে আলাপনকে শোকজ করা হয়েছে, ওই ধারায় এক বছর জেল ও জরিমানা হতে পারে। তবে এই ধরনের ধারা মুখ্যসচিব পদমর্যাদার আধিকারিকের বিরুদ্ধে কার্যকর কতটা করা যায় তা নিয়ে প্রশ্ন তুলেছেন প্রাক্তন আমলাদের একাংশ। তবে এই ইস্যুতে রাজ্য সরকার আর কোনো বিতর্ক চাইছে না এটা বুঝিয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি কেন্দ্রীয় সরকার আলাপনের প্রতি যে ব্যবহার করছে তা নিয়ে রাজ্য সরকার সর্বতোভাবে তাঁর পাশে আছে বলেও জানান মুখ্যমন্ত্রী। উল্লেখ্য, মুখ্যমন্ত্রীর অনুরোধ মেনে প্রাক্তন মুখ্যসচিব আলাপনের মেয়াদ ৩ মাসের জন্য বাড়ালেও ৪ দিনের মধ্যেই তাঁকে দিল্লিতে বদলির নির্দেশ দেয় প্রধানমন্ত্রীর অধীনস্থ কর্মীবর্গ ও প্রশিক্ষণ মন্ত্রক। এরপর নির্দিষ্ট দিনে অর্থাৎ ৩১ মে আলাপন অবসর নিয়ে নেন।

টিকার সাফল্যে বিজ্ঞানীদের

১ পাতার পর

করছেন। একবছরের মধ্যে ভারতে উৎপাদিত টিকা তৈরি করেছেন তাঁরা আর তা দেশের নাগরিকদের জন্য পাওয়া যাচ্ছে। শতাব্দীতে একবার বিশ্ব এমন বিপদের মুখে পড়ে উল্লেখ করে মোদী ফের বিজ্ঞানীদের প্রশংসা করেন। তিনি বলেন, একবছরের মধ্যে টিকা প্রস্তুত করা অপ্রত্যাশিত। প্রধানমন্ত্রী আরো বলেন, 'বিজ্ঞানীরা একটি তত্ত্বের ওপর ধারণাকে প্রতিষ্ঠা করেন, আর গবেষণাগারে এর বাস্তব অনুশীলন বা প্রয়োগ করার পর তা সমাজের হাতে তুলে দেন। অবিশ্বাস্য! এই অনুশীলন অস্বাভাবিক গতিতে গত দেড় মাসে আমাদের বিজ্ঞানীরা করেছেন। এদিন প্রধানমন্ত্রী ফের 'আত্মনির্ভর ভারত' ও সমৃদ্ধ দেশ গড়ার ডাক দেন। তিনি বলেন, কোভিড-১৯'এর গতি কমে যাবে, কিন্তু আমাদের সংকল্প অটুট থাকবে।'

সমাজের বিভিন্ন ক্ষেত্রে সিএসআইআর'এর বিজ্ঞানীরা যুক্ত উল্লেখ করে প্রধানমন্ত্রী আরো বলেন, 'আত্মনির্ভর ভারত গঠনে মুখ্য ভূমিকায় আছেন ভারতীয় বিজ্ঞানীরা। সবক্ষেত্রেই আত্মনির্ভর হতে চায় ভারত। কৃষি থেকে জ্যোতির্বিজ্ঞান, বিপর্যয় মোকাবিলা থেকে প্রতিরক্ষা প্রযুক্তি, টিকা থেকে ভার্চুয়াল দুনিয়া ও জৈব প্রযুক্তি থেকে ব্যাটারি প্রযুক্তির ক্ষেত্রে আত্মনির্ভর হতে চায় দেশ। তাঁর দাবি, সারা পৃথিবীকে এখন টেকসই উন্নয়ন ও পরিচ্ছন্ন শক্তির পথ দেখাচ্ছে ভারত। শুধু তাই নয়, সফটওয়্যার ও স্যাটেলাইটের উন্নয়নে মুখ্য ভূমিকা নিয়ে অন্যান্য দেশকেও এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। এদিন ভিডিও কনফারেন্সের মাধ্যমে সিএসআইআর'এর বৈঠকে ভাষণ দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, দেশের বিভিন্ন দরকারে গুরুত্ব দিয়ে সিএসআইআর'এর বিভিন্ন উদ্যোগ দেশবাসীর ভবিষ্যৎ বদলে দিচ্ছে। জলবায়ু পরিবর্তন নিয়ে এখন বিশ্বজুড়ে দুশ্চিন্তা। শিল্পের পাশাপাশি সমাজের কথাও ভাবতে হবে সিএসআইআরকে। দেশের সার্বিক উন্নতির জন্য নতুন নতুন পদক্ষেপের কথা ভাবতে ও তা কার্যকর করতে হবে বলেও উল্লেখ করেন তিনি। এদিন সিএসআরআই'এর বৈঠকে প্রধানমন্ত্রী ছাড়াও যোগ দেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী। উল্লেখ্য, বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রকের অধীন সিএসআরআই সোসাইটির সারা দেশে ৩৭টি গবেষণাগার ও ৩৯টি কেন্দ্র আছে। প্রখ্যাত বিজ্ঞানী, শিল্পপতি ও বিজ্ঞানমন্ত্রকের অফিসাররা এই সোসাইটির সঙ্গে যুক্ত। বার্ষিক বৈঠকে তাঁরা মিলিত হন। এদিন তেমনই এক বৈঠকে আত্মনির্ভর ভারত গড়ার ডাক দিয়ে দেশের বিজ্ঞানীদের ভূয়সী প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

'প্যাক'-এর মাথায়

১ পাতার পর

মোদী মুকুল রায়কে ফোন করে তাঁর স্ত্রীর শারীরিক কুশল নেন। সুতরাং মুকুলের গোঁসা ভাঙাতেই এই পদক্ষেপ করা হতে পারে বলে মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকরা।

এই কমিটির চেয়ারম্যান রাজ্যের যাবতীয় উন্নয়নমূলক কাজের অডিটের বিষয়ে বিশেষ ভূমিকা নেন। বিধানসবার প্রথানুযায়ী এই কমিটির চে.ারম্যান পদটি সাধারণত বিরোধীদের হাতেই থাকে। বিজেপি এখনো নিজেদের চেয়ারম্যানের নাম জানায়নি। সূত্রের খবর, পাবলিক অ্যাকাউন্টস কমিটির পাশাপাশি বিধানসভার আরো ৯টি কমিটির দায়িত্ব পাবে বিজেপি। এই কমিটিতে বিজেপির পক্ষ থেকে চেয়ারম্যন করা হতে পারে মুকুল রায়কে। মুকুল রায়ের রাজনৈতিক অবস্থান নিয়ে এখন নানা জল্পনা চলছে। তার মধ্যে এই কমিটির দায়িত্ব যদি তাঁকে দেওয়া হয়, সেক্ষেত্রে যাবতীয় জল্পনায় ইতি পড়তে পারে বলে মনে করা হচ্ছে। উল্লেখ্য, গত বছর কংগ্রেস থেকে তৃণমূল কংগ্রেসে যাওয়া বিধায়ক শঙ্কর সিংকে এই কমিটির চেয়ারম্যান করা হয়েছিল। বিধানসভা সূত্রে খবর, এরমধ্যেই বিজেপিকে জানিয়ে দেওয়া হয়েছে যে পাবলিক অ্যাকাউন্টস কমিটি তাদের হাতেই যেতে চলেছে। সেই কমিটির চেয়ারম্যান পদে বসতে চলেছেন মুকুল রায়। এখন দেখার আনুষ্ঠানিক ঘোষণায় তাঁর নাম উঠে আসে কিনা।

প্রধানমন্ত্রীর নেতৃত্বে করোনার ২য় ঢেউ নিয়ন্ত্রণে সাফল্য এসেছে : শাহ

আহমেদাবাদ: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সুযোগ্য নেতৃত্বেই করোনার দ্বিতীয় ঢেউকে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। দাবি করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মোদীর প্রশংসায় পঞ্চমুখ অমিত শাহ বলেছেন, সাহস ও সঠিক পরিকল্পনা গ্রহণ করে করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ ঠেকাতে পেরেছে ভারত। এখন করোনা সংক্রমণের দ্বিতীয় ধাক্কা একেবারে নিয়ন্ত্রণে আছে ও সেটা সম্ভব হয়েছে মোদীর নেতৃত্বে। গুজরাতে ৯টি অক্সিজেন প্ল্যান্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী। সেখানে তিনি বলেন, 'দেশে করোনার দ্বিতীয় ঢেউ আছড়ে পড়ার পর এই ভাইরাস একাধিক রূপ বদল করে ও খুব দ্রুত ছড়িয়ে যায়। কিন্তু খুব কম সময়েই ভাইরাসটিকে নিয়ন্ত্রণ ও এর সংক্রমণ কমিয়ে ফেলার বিষয়টি নিশ্চিত করা সম্ভব হয়েছে। এটা আমাদের পক্ষে একটি সম্মিলিত সাফল্য। নরেন্দ্র মোদীর সুদক্ষ নেতৃত্বের কারণেই সাফল্যের সঙ্গে করোনার দ্বিতীয় ধাক্কা সামলাতে সক্ষম হয়েছে দেশ।' তিনি আরো বলেন, 'এই মুহূর্তে দেশের অক্সিজেনের চাহিদা ১০ হাজার টন থেকে কমে ৩৫০০ টনে নেমে এসেছে। এতেই প্রমাণ হয়, দেশে করোনার সংক্রমণ কমছে। কমছে সক্রিয় রোগীর সংখ্যাও। এতেই বোঝা যায় দেশে করোনা নিয়ন্ত্রণে আসছে।' কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী দাবি করেন, 'করোনার বিরুদ্ধে লড়াইয়ে যখন বিশ্বের উন্নত দেশগুলিও হিমশিম খাচ্ছে, ঠিক তখন ধৈর্য ও পরিকল্পনার জোরে সাফল্য পেয়েছে ভারত। অন্য দেশগুলিতে সরকার যেখানে এককভাবে করোনার বিরুদ্ধে লড়াই করছে, সেখানে ভারতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সুযোগ্য নেতৃত্বে দেশের ১৩৫ কোটি মানুষ এই লড়াইয়ে যোগ দিয়েছেন।' সরকার একা এই লড়াইয়ে জিততে পারত না বলেও উল্লেখ করেন তিনি। এছাড়াও শাহ বলেন, 'ভারতের মতো বিপুল জনসংখ্যার দেশে কাজটা খুব কঠিন ছিল। অন্য দেশগুলির সংবাদমাধ্যমে এ নিয়ে কোনো খবর হয় না। কিন্তু সোশাল মিডিয়ায় দেখা গেছে, উন্নত দেশগুলির স্বাস্থ্য ব্যবস্থা, পরিকাঠামো ভেঙে দিয়েছে করোনাভাইরাস। আমি এটা বলতে পেরে খুশি যে, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে এই দেশ কোভিডে বিপুল সাফল্য অর্জন করেছে।'

শাহর পাশাপাশি গুজরাতের মুখ্যমন্ত্রী বিজয় রূপানিও বলেন, করোনা অতিমারির প্রথম ঢেউ সফলভাবে মোকাবিলা করেছিল ভারত। আর দ্বিতীয় ঢেউও ভালোভাবে নিয়ন্ত্রণ করতে পেরেছে। আগামী দিনে তৃতীয় ঢেউ আসলে কী হবে তার প্রস্তুতিও নিয়েছে বলে দাবি করেন তিনি। যদিও করোনার দ্বিতীয় ঢেউ নিয়ন্ত্রণ নিয়ে অমিত শাহর দাবি প্রশ্নের মুখে পড়েছে। দেশে করোনাভাইরাস সংক্রমণ আগের চেয়ে কমলেও, এখনো দিনে দেড় লাখের কাছাকাছি মানুষ করোনায় আক্রান্ত হচ্ছেন। যে কোনো মুহূর্তে সংক্রমণের সংখ্যা ফের বেড়ে যেতে পারে। এই আশঙ্কা থেকেই বেশিরভাগ রাজ্য এখনো লকডাউন জারি রেখেছে। কড়া বিধিনিষেধ চলছে। ফলে এই পরিস্থিতিতে অমিত শাহর দাবি কতটা যুক্তিসঙ্গত তা নিয়ে স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে। সম্প্রতি কংগ্রেস নেতা রাহুল গান্ধী বলেছিলেন, বিপদে যে সময় সমস্যায় পড়লেই দেশের মানুষের ওপর দায় চাপিয়ে দেন মোদী সরকার। আর সমস্যা থেকে বেরিয়ে গেলে কৃতিত্ব নিতে থাকেন। এবার দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গুজরাতে গিয়ে জানান, ভারতে করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউকে খুব কম সময়েই নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। সাহস ও সঠিক পরিকল্পনার মাধ্যমেই করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ রুখে দিতে সক্ষম হয়েছে ভারত। এখন করোনা সংক্রমণের দ্বিতীয় ধাক্কা একেবারে নিয়ন্ত্রণে ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সেটা সম্ভব হয়েছে। এই দাবি করোনার প্রথম ঢেউয়ের সময়কেই ফিরিয়ে আনছে বলেই মনে করছেন বিশেষজ্ঞদের একাংশ। —পিটিআই

রাজ্যে দৈনিক আক্রান্তর সংখ্যা কমল দেশে ২৪ ঘণ্টায় মৃতের সংখ্যাও কমল

সুখবর ব্যুরো, কলকাতা ও নয়াদিল্লি: রাজ্যে করোনা পরিস্থিতি ক্রমণ আশা জাগাচ্ছে। দৈনিক সংক্রমণ শুক্রবার ৮ হাজারের নিচে নেমে এসেছে। একদিনে আক্রান্ত হয়েছেন ৭,৯১৩ জন। একদিনে রাজ্যে ১১৩ জনের করোনায় মৃত্যু হয়েছে বলে স্বাস্থ্যভবন সূত্রে খবর। একদিনে করোনাকে হারিয়ে সুস্থ হয়ে উঠেছেন ১৬,৫৫৭ জনের। সুস্থতার হার বেড়ে হয়েছে ৯৫.১১%। এখনো পর্যন্ত মোট ১,২৭,১৬,৯৫৩টি নমুনা পরীক্ষা হয়েছে। এরমধ্যে শুধু শুক্রবারই রাজ্যে ৭১,২০৬টি নমুনা পরীক্ষা হয়েছে। রাজ্যে একদিনে সক্রিয় রোগীর সংখ্যা কমেছে ৮,৭৫৭। উত্তর ২৪ পরগনায় ২৫ আর কলকাতায় ২৩ জনের মৃত্যু হয়েছে। দেশের করোনা পরিস্থিতিও কিছুটা স্বস্তি দিচ্ছে। দৈনিক সংক্রমণ রেকর্ড হয়েছে ১,৩২,৩৬৪। গত ২৪ ঘণ্টায় সক্রিয় রোগীর সংখ্যা কমেছে ৭৭,৪২০। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে, দৈনিক মৃত্যুর সংখ্যা ৩ হাজারের নিচে নেমে এসেছে। একদিনে ২,৭১৩ জনের প্রাণ কেড়েছে করোনা। একদিনে ২,০৭,০৭১ জন করোনাকে হারিয়ে সুস্থ হয়ে উঠেছেন। টানা ২২ দিন ধরে দৈনিক সুস্থতা দৈনিক সংক্রমণকে হারিয়ে দিয়েছে। তামিলনাড়ু, কর্নাটক, কেরালা, মহারাষ্ট্র, আন্ধ্রা প্রদেশের মতো ৫ রাজ্যে মোট দৈনিক আক্রান্তের ৬৬.৬৬%-এর খোঁজ মিলেছে। দেশে সার্বিক সুস্থতার হার ৯৩.০৮%। একদিনে সবচেয়ে বেশি (৬৪৩) জনের মৃত্যু হয়েছে মহারাষ্ট্রে। কর্নাটকে ৫১৪ জনের মৃত্যু হয়েছে। ২৪ ঘণ্টায় ২৮,৭৫,২৮৬টি ডোজ টিকা দেওয়া হয়েছে। সাপ্তাহিক পজিটিভিটির হার ৭.২৭%, দৈনিক পজিটিভিটির হার ৬.৩৮%। টানা ১১ দিন দৈনিক পজিটিভিটির হার ১০%-র নিচে রইল। করোনার দ্বিতীয় ঢেউয়ে ৬২৪ জনের ডাক্তারের মৃত্যু হয়েছে বলে দাবি আইএমএ। এইমসের গবেষণায় দাবি, টিকা নেওয়া থাকলে দ্বিতীয়বার করোনা হলেও তাতে কেউ মারা যাচ্ছেন না। অক্সিজেন কনসেনট্রেটরের দাম বেঁধে দিয়েছে কেন্দ্র। শুক্রবার রাসায়নিক ও সার মন্ত্রক জানিয়েছে, ন্যাশনাল ফার্মাসিউটিক্যাল প্রাইসিং অথরিটি কনসেনট্রেটরের ট্রেড মার্জিন ৭০%-এর মধ্যে বেঁধে দিয়েছে। টিকার প্রথম ডোজ দেওয়ার ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রকে ভারত ছাপিয়ে গেছে বলে দাবি করেছে কেন্দ্র।

রাজ্যের করোনা

২৪ ঘণ্টায় আক্রান্ত
৭,৯১৩

২৪ ঘণ্টায় সুস্থ
১৬,৫৫৭

২৪ ঘণ্টায় মৃত
১১৩

দেশের করোনা

২৪ ঘণ্টায় আক্রান্ত
১,৩২,৩৬৪

২৪ ঘণ্টায় সুস্থ
২,০৭,০৭১

২৪ ঘণ্টায় মৃত
২,৭১৩